৪. আধুনগর ইউনিয়নঃ আধুনগর ইউনিয়নে মোট শ্মশানঘাট রয়েছে-২টি। যথা, ৩ নং ওয়ার্ডে-১টি ও ৫ নং ওয়ার্ডে ১টি করে শ্মশান ঘাট রয়েছে।

৫. পদুয়া ইউনিয়নঃ পদুয়া ইউনিয়নে মোট শ্মশানঘাট রয়েছে-৫টি। যথা, ১ নং ওয়ার্ডে-১টি, ৩ নং ওয়ার্ডে ২ টি, ৬ নং ওয়ার্ডে ১ টি ও ৮ নং ওয়ার্ডে ১ টি করে শ্মশান ঘাট রয়েছে।

৬. পুটি বিলা ইউনিয়নঃ পুটি বিলা ইউনিয়নে মোট শ্মশানঘাট রয়েছে-৪টি। যথা, ৩ নং ওয়ার্ডে-১টি, ৫ নং ওয়ার্ডে ১ টি, ৭ নং ওয়ার্ডে ১ টি ও ৯ নং ওয়ার্ডে ১ টি করে শ্মশান ঘাট রয়েছে।

৭. চুনতি ইউনিয়নঃ চুনতি ইউনিয়নে মোট শ্মশানঘাট রয়েছে-২টি। যথা, ২ নং ওয়ার্ডে-১টি ও ৬ নং ওয়ার্ডে ১ টি করে শ্মশান ঘাট রয়েছে।

৮. চরম্বা ইউনিয়নঃ চরম্বা ইউনিয়নে মোট শ্মশানঘাট রয়েছে-৩টি। যথা, ১ নং ওয়ার্ডে-১টি, ৫ ও ৬ নং ওয়ার্ডে ১ টি করে শ্মশান ঘাট রয়েছে।

৯. লোহাগাড়া ইউনিয়নঃ লোহাগাড়া ইউনিয়নে মোট শ্মশানঘাট রয়েছে-২টি। যথা, ৪ নং ওয়ার্ডে-১টি ও ৮ নং ওয়ার্ডে ১ টি করে শ্মশান ঘাট রয়েছে।

(ঠ) যোগাযোগ ও পরিবহনের মাধ্যমঃ

উপজেলা হতে জেলার সাথে উন্নত মানের সড়ক যোগাযোগ রয়েছে। এই রাস্তাটি চট্রগ্রাম রাংগামাটি ও চট্রগ্রাম খাগড়াছড়ি মুল সড়ক যা চট্রগ্রাম শহর থেকে ২০ কি: মি: উত্তরে অবস্থিত । এই রাস্তায় জনপরিবহন ও বেসরকারী পরিবহনের ভাল বাস সার্ভিস রয়েছে। তাছাড়া সিএনজি, মাইক্রোবাস, বাস, ট্রাক এবং রেল লাইন দ্বারাও উপজেলা সংযুক্ত । উপজেলায় কত ধরণের যানবাহন আছে, তার তালিকা প্রণয়নঃ রিক্সা প্রায় ২ ৯৭০ টি, সিএনজি প্রায় ৪১৪টি, ভ্যান প্রায় ২৯৮টি, বাইসাইকেল ১৩৪৬ ও মাইক্রোবাস প্রায় ১৩৮ টি ।

(ড) বন ও বনায়নঃ

চট্টগ্রাম জেলায় পাহাড়ী বনাঞ্চর রয়েছে প্রায় ৩৭৯৩০ একর। এর মধ্যে লোহাগাড়া উপজেলায় ৮টি ইউনিয়নে প্রায় ৮৩৪৪ একর বনাঞ্চল রয়েছে। এ উপজেলায় অনেক এলাকায় বনায়নের বিস্তার লক্ষ করা যায় । কিন্তু বতর্মানে মানবসৃষ্ট কারণ ও প্রাকৃতিক বিরুপতার কারণে এলাকায় কিছু বনায়ন অঞ্চল বিলুপ্তির পথে। বর্তমানে পাহাড়ী বনাঞ্চল ছাড়াও এলাকায় বাঁধ/রাস্তার দুই পাশ দিয়ে সামাজিক বনায়ন রয়েছে। উল্লেখিত বনাঞ্চলে যে সকল গাছ দেখতে পাওয়া যায় সেগুলো হলঃ গড়ান, আকাশ মনি, সেগুন, চাম্বল, রেন্ডী কড়ই, ইপিলইপিল, গর্জন, গামারী, নীম, জাম, আম, কাঠাল, আমরা, লেবু, পেয়ারা, আনারস, বাঁশ ও রাবার ইত্যাদি বিভিন্ন ধরণের গাছ । এছাড়াও বসতবাড়ীতে কিছু গাছপালা দেখা যায় ।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ুঃ

(ক) লোহাগাড়া উপজেলায় বৃষ্টিপাতের ধারা বিশ্লেষণ করে দেখা যায় যে, গড় দৈনিক বৃষ্টিপাতের পরিমান প্রায় একই । গত ১৯৯০, ১৯৯৫, ২০০০, ২০০৫ ও ২০১০ সালের পর দৈনিক গড় বৃষ্টিপাত যথাক্রমে ৪, ৮, ৭, ৮.৫ এবং ৮.৫ মিঃমিঃ এর অধিক । কিন্তু এ পরিবর্তনের ধারা জলবায়ু পরিবর্তনের ইঙ্গিত বহন করে কিনা সে বিষয়ে আরও গবেষণার মাধমে জানা প্রয়োজন । বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে, ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে, যার কারণে উৎপাদন ব্যয় বেশী হচ্ছে এবং উৎপাদনের পরিমান দিন দিন হ্রাস পাচ্ছে । সেই সাথে ফসলের রোগবালাই ও পোকার আক্রমনও অনেক বেশী হচ্ছে । অসময়ে বৃষ্টিপাত এর ফলে ফসল ও চাষাবাদ এ ব্যাপক ভাবে ক্ষতি হচ্ছে এবং মানুষের জীবন-জীবিকার উপর বিরাট নেতিবাচক প্রভাব পড়ছে ।

(খ) তাপমাত্রাঃ

লোহাগাড়া উপজেলাটি পাহাড়ী এলাকা না হলেও কিছু কিছু ইউনিয়নগুলো পাহাড় অধ্যুসিত এবং স্থানীয়ভাবে গাছপালা কেটে ফেলার কারনে গাছপালা কমে যাওয়ায় এ এলাকায় তাপদাহের পরিমান দিন দিন বেশী পরিলক্ষিত হচ্ছে । এ অঞ্চলের বর্তমানে সর্বোচ্চ তাপমাত্রা ৪১.৫ ডিঃসেঃ এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৯.৫ ডিঃসেঃ । বর্ষাকালে এই উপজেলায় গড় তাপমাত্রা থাকে ২৫.০ ডিঃ সেঃ। অধিকাংশ ক্ষেত্রে তাপমাত্রা স্বাভাবিক থাকে, তবে এলাকাবাসীর অভিজ্ঞতা থেকে জানা যায় যে, এ তাপমাত্রা ক্রমশ দিন দিন বৃদ্ধি পাচ্ছে । বিশেষ করে গত ১০ বছরের গড় তাপমাত্রা এত বেশী বৃদ্ধি পেয়েছে যে, মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে । তাপমাত্রা অধিকতর অনুভূত হওয়ায়র অন্যতম কারণ হল বাতাসে আদ্রতার পরিমান বেড়ে যাওয়া । তাপমাত্রা বৃদ্ধির ফলে কৃষি চাষাবাদ প্রতিনিয়ত হুমকির সম্মুখীন হচ্ছে । এ পরিস্থিতি চলতে থাকলে ভবিষ্যৎ ঝুঁকির পরিমান আরো বাড়বে । জনস্বাস্থ্য প্রকৌশলের তথ্য অনুযায়ী প্রতি বছর দুই বার পানির স্তর পরিমাপ করার জন্য জরিপ চালানো হয় । এ অঞ্চলে দেখা গেছে এপ্রিল ও মে মাসে পানির স্তর অনেক নিচে নেমে যায়, ফলে সুপেয় পানির প্রাপ্যতা অনেকাংশ কমে যাচ্ছে । ভবিষ্যত উন্নয়নের জন্য এটি খুবই হুমকি স্বরুপ ।

(গ) ভূ-গর্ভস্থ স্তরঃ

জনস্বাস্থ্য প্রকৌশলের তথ্য অনুযায়ী প্রতি বছর পানির স্তর পরিমাপ করার জন্য জরিপ চালানো হয়। এ-অঞ্চলে দেখা গেছে ২০০৩ সালে এই পানির স্তর গভীর নলকুপে ২৯০-৩০০ ফুট, অগভীর নলকুপে ১০০-১৫০ ফুট। ২০১৩ সালে গভীর নলকুপে ৫৮০-৫৯০ ফুট, অগভীর নলকুপে ১৬০-১৭০ ফুট । মে মাসে এই পানির স্তর আরও নিচে নেমে যায়। এলাকাবাসীর মতে পানির এই স্তর দিন দিন কমে যাওয়ায় সুপেয় পানির প্রাপ্যতা দিন দিন কমে যাচ্ছে। এলাকাবাসী মনে করছে সুপেয় পানির স্তর অনেক নিচে নেমে যাচ্ছে। টেকসই উন্নয়নের জন্য এটি হুমকি স্বরূপ।

১.৪.৪ অন্যান্য

(ক) ভূমি ও ভূমির ব্যবহারঃ

লোহাগাড়া উপজেলায় ৯টি ইউনিয়নে মোট ভূমির পরিমান প্রায়ঃ ৩৯৫৪৫ একর । এক ফসলী জমির পরিমান ২৫৩৭৫ একর, দু'ফসলী ১১২২০ একর ও তিন ফসলী ২৯৫০ একর । নিম্নে ইউনিয়ন ভিত্তিক ফসলি জমির তথ্যাবলী প্রদান করা হল।

- বড়হাতিয়া ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪০০০ একর এর মধ্যে এক ফসলী প্রায় ২৫০০ একর, দু'ফসলী প্রায় ১০০০ একর ও তিন ফসলী প্রায় ৫০০ একর জমি চাষাবাদ হয় ।

- কলাউজান ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৫৭০০ একর এর মধ্যে এক ফসলী প্রায় ৩২০০ একর, দু'ফসলী প্রায় ১০০০ একর ও তিন ফসলী প্রায় ১৫০০ একর জমি চাষাবাদ হয় ।

- আমিরাবাদ ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৭০০০ একর এর মধ্যে এক ফসলী প্রায় ৫০০০ একর, দু'ফসলী প্রায় ২০০০ একর জমি চাষাবাদ হয় ।

- আধুনগর ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪৩৭০ একর এর মধ্যে এক ফসলী প্রায় ২১০০ একর, দু'ফসলী প্রায় ১৩২০ একর ও তিন ফসলী প্রায় ৯৫০ একর জমি চাষাবাদ হয় ।

- পদুয়া ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪৫০০ একর এর মধ্যে এক ফসলী প্রায় ৩০০০ একর ও দু'ফসলী প্রায় ১৫০০ একর জমি চাষাবাদ হয় ।

- পুটি বিলা ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪৭২৫ একর এর মধ্যে এক ফসলী জমি প্রায় ৩৭২৫ একর ও দু'ফসলী জমি প্রায় ১০০০ একর জমি চাষাবাদ হয় ।

- চুনতি ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪০৫০ একর এর মধ্যে এক ফসলী জমি প্রায় ২৭৫০ একর ও দু'ফসলী জমি প্রায় ১৩০০ একর জমি চাষাবাদ হয় ।

- চরম্বা ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৩৫০০ একর এর মধ্যে এক ফসলী জমি প্রায় ২৫০০ একর ও দু'ফসলী জমি প্রায় ১০০০ একর জমি চাষাবাদ হয় ।

- লোহাগাড়া ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৫২০০ একর এর মধ্যে এক ফসলী জমি প্রায় ৩১০০ একর ও দু'ফসলী জমি প্রায় ২১০০ একর জমি চাষাবাদ হয় ।

(খ) কৃষি ও খাদ্যঃ

লোহাগাড়া উপজেলায় প্রধান অর্থকরী ফসল ধান, ও মাছ। এছাড়া আলু, ডাল, আখ, ভূট্টা, তরমুজ, পাহাড়ী পেয়ারা ,আনারস, বাঙ্গী, পেপে, জাম, আম, পাহাড়ী কাঁঠাল ইত্যাদি এলাকায় অর্থকারী ফসল হিসাবে পরিচিত। এখানে উল্লেখ্য যে, পাহাড়ী এলাকায় ও সমতল এলাকায় প্রচুর পরিমানে শাকসবজি উৎপাদিত হয়, যেমন: ফুলকপি, বাঁধাকপি, কাকরোল, বরবটি, বেগুন, মিষ্টিকুমরা, পানিকুমরা ,ঢেরস, মুলা, মরিচ, গাজর, টমেটো, খিরা, শসা, করলা, পুইশাক, লালশাক, কচুশাক ইত্যাদি। লোহাগাড়া উপজেলায় ৮টি ইউনিয়নে উৎপাদিত মোট ফসলের পরিমান ৪১৪৬০ মেঃটন। এ উপজেলায় প্রধান খাদ্য সমূহ হলো ভাত, মাছ, ডাল, রুটি এবং এখানকার স্থানীয় লোকজনের খাদ্যাভাস হল, সকালে ১ বার , দুপরে ১ বার, ও রাতে ১ বার । নিম্নে ইউনিয়ন ভিত্তিক উৎপাদিত ফসলের পরিমান দেখানো হল।

- বড়হাতিয়া ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ১১২০০ মেঃটন।

- কলাউজান ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ২০৬০০ মেঃটন।

- আমিরাবাদ ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ২৫২০০ মেঃটন।

- আধুনগর ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ১৪৯০ মেঃটন।

- পদুয়া ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ১৭৬০ মেঃটন।

- পুটি বিলা ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ১৮০০ মেঃটন।

- চুনতি ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ১২০০ মেঃটন।

- চরম্বা ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ১৮৭০ মেঃটন।

- লোহাগাড়া ইউনিয়নে বাৎসরিক উৎপাদিন ধান, মাছ, আলু, পাহাড়ী পেয়ারা , আনারস, পেপে, আম, পাহাড়ী বিভিন্ন ধরনের সবজী ও ফল মুলের পরিমান আনুমানিক প্রায় ১৫৪০ মেঃটন।

খ.৩ ক্ষয়ক্ষতির তথ্যঃ

লোহাগাড়া উপজেলায় ৯টি ইউনিয়নে দুর্যোগে ক্ষতিগ্রস্থ ফসলি জমির ইউনিয়ন ভিত্তিক বিবরণ নিম্নে দেখানো হল।

- বড়হাতিয়া ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪০০০ একর এর মধ্যে প্রায় ১১২০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- কলাউজান ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৫৭০০ একর এর মধ্যে প্রায় ১৬৫০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- আমিরাবাদ ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৭০০০ একর এর মধ্যে প্রায় ২৩৫০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- আধুনগর ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪৩৭০ একর এর মধ্যে প্রায় ১৩৫০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- পদুয়া ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪৫০০ একর এর মধ্যে প্রায় ১৭৯০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- পুটি বিলা ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪৭২৫ একর এর মধ্যে প্রায় ১৩৩০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- চুনতি ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৪০৫০ একর এর মধ্যে প্রায় ১১২০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- চরম্বা ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৩৫০০ একর এর মধ্যে প্রায় ১৪৩০ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

- লোহাগাড়া ইউনিয়নে মোট ফসলী জমির পরিমান প্রায়-৩০০০ একর এর মধ্যে প্রায় ১২৮৫ একর জমির ফসল বন্যা, কাল বৈশাখী ঝড়, খরা, নদী ভাঙ্গন ও জলাবদ্ধতাসহ বিভিন্ন আপদ এর মাধ্যমে ক্ষতি হয় ।

(গ) নদীঃ

লোহাগাড়া উপজেলায় টংকাবতী ও হাঙ্গার নদী প্রবাহিত হয়েছে।

(ঘ) পুকুরঃ

লোহাগাড়া উপজেলায় ৯ টি ইউনিয়নে পুকুরের সংখ্যা প্রায় ১২৭৩ টি । এছাড়াও পারিবারিকভাবে বেশ কিছু ছোট ছোট পুকুর রয়েছে। এলাকায় সাধারনত পুকুরে মাছ চাষ করা হয় । লোকজন গোসল করে থাকে, লোকজন কাপড় ধোওয়ায় পুকুরের পানি ব্যবহার করে । অনেক সময় পুকুরের পানি দিয়ে সবজী চাষের কাজ করে।

- বড়হাতিয়া ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ১২৭ টি । ১ নং ওয়ার্ড-২০ টি, ২ নং ওয়ার্ডে-১৫ টি, ৩ নং ওয়ার্ডে-১০ টি, ৪ নং ওয়ার্ডে-৮টি, ৫ নং ওয়ার্ডে-১৫ টি, ৬ নং ওয়ার্ডে-১২ টি, ৭ নং ওয়ার্ডে-২২ টি, ৮ নং ওয়ার্ডে-১০টি এবং ৯ নং ওয়ার্ডে-১৫টি ।

- কলাউজান ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ১১৪ টি । ১ নং ওয়ার্ড-১৬ টি, ২ নং ওয়ার্ডে-১৪ টি, ৩ নং ওয়ার্ডে-৯ টি, ৪ নং ওয়ার্ডে-১১টি, ৫ নং ওয়ার্ডে-১৪ টি, ৬ নং ওয়ার্ডে-১৩ টি, ৭ নং ওয়ার্ডে-১০ টি, ৮ নং ওয়ার্ডে-১৫টি এবং ৯ নং ওয়ার্ডে-১২টি।

- আমিরাবাদ ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ১৩৩ টি । ১ নং ওয়ার্ড-১৩ টি, ২ নং ওয়ার্ডে-১৭ টি, ৩ নং ওয়ার্ডে-১৫ টি, ৪ নং ওয়ার্ডে-১৩টি, ৫ নং ওয়ার্ডে-১৭ টি, ৬ নং ওয়ার্ডে-১৫ টি, ৭ নং ওয়ার্ডে-১৬ টি, ৮ নং ওয়ার্ডে-১৫টি এবং ৯ নং ওয়ার্ডে-১২টি

- আধুনগর ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ২২০ টি । ১ নং ওয়ার্ড-১৭ টি, ২ নং ওয়ার্ডে-১৭ টি, ৩ নং ওয়ার্ডে-১৯ টি, ৪ নং ওয়ার্ডে-২৩টি, ৫ নং ওয়ার্ডে-২৭ টি, ৬ নং ওয়ার্ডে-২৫ টি, ৭ নং ওয়ার্ডে-১৯ টি, ৮ নং ওয়ার্ডে-২৫টি এবং ৯ নং ওয়ার্ডে-২২টি।

- পদুয়া ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ২১২ টি । ১ নং ওয়ার্ড-২৫ টি, ২ নং ওয়ার্ডে-১৯ টি, ৩ নং ওয়ার্ডে-২২ টি, ৪ নং ওয়ার্ডে-২৩টি, ৫ নং ওয়ার্ডে-২৭ টি, ৬ নং ওয়ার্ডে-২৫ টি, ৭ নং ওয়ার্ডে-২৪ টি, ৮ নং ওয়ার্ডে-২৫টি এবং ৯ নং ওয়ার্ডে-২২টি।

- পুটি বিলা ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ২৩০ টি । ১ নং ওয়ার্ড-২৫ টি, ২ নং ওয়ার্ডে-২২ টি, ৩ নং ওয়ার্ডে-২৭ টি, ৪ নং ওয়ার্ডে-২৫টি, ৫ নং ওয়ার্ডে-২৭ টি, ৬ নং ওয়ার্ডে-২৫ টি, ৭ নং ওয়ার্ডে-২৪ টি, ৮ নং ওয়ার্ডে-২৫টি এবং ৯ নং ওয়ার্ডে-২২টি।

- চুনতি ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ১২২ টি । ১ নং ওয়ার্ড-১৩ টি, ২ নং ওয়ার্ডে-১৭ টি, ৩ নং ওয়ার্ডে-১৫ টি, ৪ নং ওয়ার্ডে-১৩টি, ৫ নং ওয়ার্ডে-১৭ টি, ৬ নং ওয়ার্ডে-১৫ টি, ৭ নং ওয়ার্ডে-১৬ টি, ৮ নং ওয়ার্ডে-১৫টি এবং ৯ নং ওয়ার্ডে-১২টি।

- চরম্বা ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ২৭৫ টি । ১ ১ নং ওয়ার্ড-২২ টি, ২ নং ওয়ার্ডে-৩২ টি, ৩ নং ওয়ার্ডে-৩৩ টি, ৪ নং ওয়ার্ডে-৩৩টি, ৫ নং ওয়ার্ডে-৩১ টি, ৬ নং ওয়ার্ডে-৩৫ টি, ৭ নং ওয়ার্ডে-৩০ টি, ৮ নং ওয়ার্ডে-২৫টি এবং ৯ নং ওয়ার্ডে-৩২টি।

- লোহাগাড়া ইউনিয়নটিতে মোট পুকুরের সংখ্যা প্রায় ৩২০ টি । ১ নং ওয়ার্ড-৩২ টি, ২ নং ওয়ার্ডে-৩২ টি, ৩ নং ওয়ার্ডে-৩৩ টি, ৪ নং ওয়ার্ডে-৩৩টি, ৫ নং ওয়ার্ডে-৪১ টি, ৬ নং ওয়ার্ডে-৩৫ টি, ৭ নং ওয়ার্ডে-৪০ টি, ৮ নং ওয়ার্ডে-৩৫টি এবং ৯ নং ওয়ার্ডে-৩২টি।

(ঙ) খালঃ

লোহাগাড়া উপজেলায় ৯টি ইউনিয়নে মোট ৩১ টি খাল রয়েছে, যাহা ইউনিয়ন ভিত্তিক তথ্য নিম্নে উল্লেখ করা হল।

- বড়হাতিয়া ইউনিয়নে মোট ২ টি খাল রয়েছে । ১টি থমহম খাল নামে পরিচিত, অবস্থান ৮ ও ৯ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৪.৫ কিঃমিঃ । ১ টি কালার খাল নামে পরিচিত, অবস্থান ৭ ও ৮ ৯ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ২ কিঃমিঃ ।

- কলাউজান ইউনিয়নে মোট ২ টি খাল রয়েছে । ১টি বোয়ালিয়া খাল নামে পরিচিত, অবস্থান ১, ২ ও ৫ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৩ কিঃমিঃ । ১টি কমলা জিরি খাল নামে পরিচিত, অবস্থান ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৮ কিঃমিঃ ।

- আমিরাবাদ ইউনিয়নে মোট ৬ টি খাল রয়েছে । ১) টংগাবতি খাল নামে পরিচিত, অবস্থান ৩, ৪, ৫, ৬, ৭ ও ৯ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৮ কিঃমিঃ । ২) ডলু খাল নামে পরিচিত, অবস্থান ২, ৪ ও ৮ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায়৪৮ কিঃমিঃ। ৩) বোয়ালিয়া খাল নামে পরিচিত, অবস্থান ১, ৩, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যা লম্বা প্রায় ১০ কিঃমিঃ। ৪) বাইখাল নামে পরিচিত, অবস্থান ৪, ৬ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যা লম্বা প্রায় ৩ কিঃমিঃ । ৫) কাটাখালী খাল নামে পরিচিত, অবস্থান ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যা লম্বা প্রায় ৩ কিঃমিঃ। ৬) গুল্লাছড়ি খাল নামে পরিচিত, অবস্থান ৬, ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত যা লম্বা প্রায় ৪ কিঃমিঃ।

- আধুনগর ইউনিয়নে মোট ৪ টি খাল রয়েছে । ১) হাতিমার খাল নামে পরিচিত, অবস্থান ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৪ কিঃমিঃ । ২) ডলু খাল নামে পরিচিত, অবস্থান ২, ৪ ও ৮ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৮ কিঃমিঃ। ৩) কোল পাকলি খাল নামে পরিচিত, অবস্থান ৪ ও ৫ নং ওয়ার্ডে অবস্থিত যা লম্বা প্রায় ৫ কিঃমিঃ। ৪) জুরী খাল নামে পরিচিত, অবস্থান ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যা লম্বা প্রায় ৫ কিঃমিঃ ।

- পদুয়া ইউনিয়নে মোট ৪ টি খাল রয়েছে । ১) টংগাবতী খাল নামে পরিচিত, অবস্থান ৫ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ১ কিঃমিঃ । ২) হাঙ্গার খাল নামে পরিচিত, অবস্থান ১, ৭,৮ ও ৯ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৯ কিঃমিঃ।

- পুটি বিলা ইউনিয়নে মোট ৪ টি খাল রয়েছে । ১) সুখছড়ি খাল নামে পরিচিত, অবস্থান ১, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ১৪ কিঃমিঃ । ২) সরই খাল নামে পরিচিত, অবস্থান ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ১২ কিঃমিঃ। ৩) কলো খাল নামে পরিচিত, অবস্থান ৯ নয় ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৫ কিঃমিঃ। ৪) আন্দারী খাল নামে পরিচিত, অবস্থান ৭ ও ৮ নং ওয়ার্ডে এবং লম্বা প্রায় ৮ কিঃমিঃ ।

- চুনতি ইউনিয়নে মোট ৪ টি খাল রয়েছে । ১) ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডে অবস্থিত এবং লম্বা প্রায় ৫ কিঃমিঃ । ২) ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত এবং লম্বা প্রায় ৪.৫ কিঃমিঃ।

- চরম্বা ইউনিয়নে মোট ৪টি খাল রয়েছে । ১) ২, ৪ ও ৬ নং ওয়ার্ডে হাঙ্গার খাল অবস্থিত এবং লম্বা প্রায় ৪ কিঃমিঃ । ২) ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডে আতিয়ার খাল অবস্থিত এবং লম্বা প্রায় ৩ কিঃমিঃ, চাম্বি খাল ও জামছাড় খাল রয়েছে যা লম্বা প্রায় ৩ কিঃমিঃ ।

- লোহাগাড়া ইউনিয়নে মোট ৩টি খাল রয়েছে । ১) ১, ২, ৩, ৫ ও ৬ নং ওয়ার্ডে চাম্বি খাল অবস্থিত । ২) ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে হাতিয়ার খাল অবস্থিত ও ৩) ১, ২, ৩, ৫ ও ৯ নং ওয়ার্ডে বাতার খাল অবস্থিত ।

দ্বিতীয় অধ্যায়ঃ দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাসঃ

চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলাটি দুর্যোগ ঝুঁকি সম্পন্ন উপজেলার মধ্যে একটি । প্রায় প্রতি বছর কোন না কোন প্রাকৃতিক দুর্যোগের সম্মুখিন হয় এই উপজেলাটি। পাহাড়ী ঢল, বন্যা, নদী ভাঙ্গন, কালবৈশাখী ঝড়, খরা, শৈত্য প্রবাহ, হাতির আক্রমনসহ বিভিন্ন আপদে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বিপন্ন এবং সম্পদের ব্যাপক ক্ষতি সাধন হয় । ১৯৮৮, ১৯৯১, ১৯৯৭ ও ২০০৭ সালে লোহাগাড়া উপজেলার উপর দিয়ে ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, কালবৈশাখী ঝড় প্রবল গতিতে প্রবাহিত হয়েছিল । এই ঝড়ে পৌরসভাসহ সকল ইউনিয়নই ক্ষতিগ্রস্থ হয়েছিল এবং ব্যাপকভাবে ক্ষতি সাধন হয়েছিল । জলোচ্ছাসের গতি বেগ ছিল ঘন্টায় ২২০-২৪০ কিঃমিঃ । এই ঝড়ে উপজেলার বিভিন্ন ইউনিয়নে অনেক লোক মরা গিয়েছিল এবং কৃষি, মৎস্য, পশু-পাখি, গাছ-পালা,পয়নিস্কাশন এবং অবকাঠামোর ব্যাপকভাবে ক্ষতি গ্রস্থ হয়েছিল । এসময় সরকারী, বেসরকারী, বিদেশী বিভিন্ন উন্নয়ন মূলক প্রতিষ্ঠান সহযোগীতায় এগিয়ে এসেছিল । তাছাড়া এলাকায় উদ্ধার কাজ, প্রাথমিক চিকিৎসা ও ঔষধ বিতরণ, শুকনা খাবার বিতরণ, পুর্ণবাসন ও অন্যান্য সহযোগীতা সহ আর্থিকভাবে সহায়তা প্রদান করেছিল ।

২০১২ সালে এই এলাকায় ঘূর্ণিঝড় আইলা প্রবাহিত হয়েছিল । এই ঝড়ে এলাকায় লোকজন মারা না গেলেও ফসলি জমির সিংহ ভাগ ফসল ক্ষতিগ্রস্থ হয়েছিল । এছাড়া এলাকায় কাঁচা ঘরবাড়ি, দোকানপাট, গাছপালা, গবাদি পশু, অবকাঠামো, পুকুর, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি ক্ষতিগ্রস্ত হয়েছিল ।

২০১৩ সালে এই উপজেলায় ঘূর্ণিঝড় মহাসেন আংশিকভাবে আঘাত করেছিল । এই ঝড়ে ব্যাপকভাবে ক্ষতি না হলেও কিছু কিছু এলাকায় আংশিক ক্ষয়-ক্ষতি হয়েছিল ।

দুর্যোগের ক্ষতির পরিমান ঘটার সময় এবং ক্ষতিগ্রস্থ খাত সমূহ

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমান	কোন কোন খাত/উপাদান ক্ষতিগ্রস্থ হয়
১. পাহাড়ী ঢল	প্রতি বছর	বেশী	কৃষি ফসল, মানব সম্পদ, গবাদিপশু,মৎস্য ও অবকাঠামো
২. বন্যা	প্রতি বছর	বেশী	কৃষি ফসল, ঘর-বাড়ী, মাছ, গবাদি পশু,রাস্থাঘাট,মানব সম্পদ
৩. নদী ভাঙ্গন	প্রতি বছর	বেশী	কৃষি জমি/ফসল,ঘরবাড়ি, রাস্থাঘাট
৪. কাল বৈশাখী ঝড়	প্রতিনিয়ত	বেশী	কৃষি ফসল,মৎস্য,গবাদীপশু,ঘরবাড়ী,গাছপালা
৫.খরা	প্রতিনিয়ত	বেশী	কৃষিখাত, মৎসখাত,স্বাস্থ্য
৬. জলাবদ্ধতা	প্রতি বছর	বেশী	কৃষিখাত, মানবদেহের ক্ষতি,ফলজ গাছপালার ক্ষতি,চারা গাছের ক্ষতি
৭.লবনাক্ততা	প্রতি বছর	অল্প	কৃষি ফসলের ক্ষতি,ক্ষতি,গাছপালার ক্ষতি,মৎস্য,গবাদীপশুর ক্ষতি,খাবার পানির অভাব
৮.আর্সেনিক দূষণ	প্রতিনিয়ত	অল্প	সুপেয় খাবার পানির অভাব,মানব দেহের ক্ষতি

২.২ উপজেলার আপদ সমূহ চিহ্নিত করণ ও অগ্রাধিকারকরণঃ

ক্র.নং	দুর্যোগের নাম	ক্র.নং	অগ্রাধিকার ভিত্তিতে দূর্যোগ
১	নদীভাঙ্গন	১	বন্যা
২	বন্যা	২	পাহাড়ী ঢল
৩	খরা	৩	কাল বৈশাখী ঝড়
৪	কালবৈশাখী	৪	নদী ভাঙ্গন
৫	পাহাড়ী ঢল	৫	অতিবৃষ্টি/খরা
৬	জলাবদ্ধতা	৬	জলাবদ্ধতা

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান এবং ভবিষ্যৎ বর্ননাঃ

১. বন্যাঃ

লোহাগাড়া উপজেলায় প্রায় প্রতি বছরই বন্যা হয়ে থাকে । এই উপজেলায় বন্যায় প্রায় ২০০-২৫০ টি ঘরবাড়ি, প্রায় ৬৭৫০ একর ফসলী জমি, প্রায় ২২ কিঃমিঃ কাঁচা রাস্তা, প্রায় ২৮০ টি নলকুপ, প্রায় ১৫০ টি পুকুরের মাছ প্লাবিত হয়ে ব্যাপক পরিমান ক্ষতি হয়ে থাকে । এছাড়াও গবাদি পশূসহ শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয়ে থাকে । অদূর ভবিষ্যতে বন্যা মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন না করলে বিশাল জলরাশি/বন্যা দ্বারা লোহাগাড়া উপজেলায় অপরিসীম ক্ষতির সম্মুখিন হবে ।

২. পাহাড়ী ঢলঃ

লোহাগাড়া উপজেলাটি পাহাড় বেষ্টিত এলাকা হিসাবে পরিচিত । লোহাগাড়া প্রায় সকল ইউনিয়নেই পাহাড় রয়েছে । লোহাগাড়া উপজেলায় ৮টি ইউনিয়নে পাহাড়ী ঢলের কারণে প্রায় ৫,৮৯০ টি কাঁচা ঘরবাড়ির ক্ষতি, প্রায় ৩৮৮৪ টি কাঁচা পায়খানা, প্রায় ৩৫টি কবর স্থান ক্ষতিগ্রস্ত হয়, প্রায় ৮টি মসজিদের ক্ষতি হয়, প্রায় ৬৭৫টি নলকুপ ক্ষতিগ্রস্ত হয়, প্রায় ৪,২৭০ একর ফসলি জমির ফসলের ক্ষতি, প্রায় ২৫,৬০০ টি গাছ-পালার ক্ষতি, প্রায় ১২৫ কি: মি: কাঁচা রাস্তার ব্যাপক ক্ষতি হয়ে থাকে । এমনকি অতিবৃষ্টি কালিন সময়ে পাহাড় ধ্বসে গিয়ে মানুষের মৃত্যু পর্যন্ত হয়ে থাকে। তাই সরকারী/বেসরকারী ভাবে অতিবৃষ্টিকালীন সময়ের পূর্বেই অন্য স্থানে মানুষজনের জন্য পুর্নবাসনের ব্যবস্থা করতে না পারলে পাহাড় ধ্বসে ক্ষতির পরিমান আরো তীব্র আকার ধারণ করতে পারে ।

৩. কালবৈশাখীঃ

সাধারনত বৈশাখ ও জৈষ্ঠ্য মাসের দিকে এই উপজেলায় কাল বৈশাখী ঝড় দেখা যায় । তাতে প্রতি বছর প্রায় ১১০-১৫০ টি ঘরবাড়ী আংশিক এবং ৫০ থেকে ১০০ টি ঘরবাড়ী সম্পূর্ণ ধ্বংশ প্রাপ্ত হয় । আনুমানিক ৫ টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয় । প্রায় ২০০- ৩৫০ টি গুরু, ছাগল, হাঁসমুরগী মারা যায় । তাছাড়া প্রায় ৪০০ থেকে ৬০০ হেক্টর জমির রবি ফসল বিনষ্ট হয় । তাই কাল বৈশাখী ঝড় মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে কালা বৈশাখীর তান্ডবে সব কিছু লন্ডভন্ড করে দিবে ।

৪. নদী ভাঙ্গনঃ

বর্ষা কালে প্রচুর পানি উজান থেকে নেমে আসায় এবং টংগাবতী নদীর উভয় পার্শ্বে ভূপ্রকৃতি বালুময় হওয়ায় মাঝারি থেকে তীব্র ভাংগের সম্মুখিন হয় । এই নদী ভাংগন বর্ষা কালে বেশী হয়ে থাকে । তবে ভাদ্র, আশ্বীন মাসেও অল্প কিছু কিছু এলাকায় নদী ভাংগন দখা দেয় । পূর্বে নদী ভাংগের তীব্রতা কম ছিল, বর্তমানে ভাংগনের তীব্রতা বেশী পরিলক্ষিত হচ্ছে ।

বর্ত্যমানে পানি উন্নয়ন বোর্ডের অবহিত করা হলেও তাদের কোন রকম পদক্ষেপ দৃষ্টিগোচর হয় নাই । ভবিষ্যতে এই ইউনিয়ন গুলো নদী ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে বিশাল এলাকা নদী গর্ভে বিলীন হয়ে যাবার সম্ভাবনা রয়েছে ।

৫. অনাবৃষ্টি /খরাঃ

এই উপজেলায় টংগাবতী নদী আছে। কিন্তু এখন দেখা যাচ্ছে বর্ষা কালে প্রচুর বৃষ্টি হলে নদীর উভয় পাশ প্লাবিত হয়ে বর্ষা কালে প্রচুর পনি উজান থেকে নেমে আসে এবং তখন কোন প্রকার খরার সম্মুখিন হতে হয় না । বর্ষা মৌসুম ছাড়া শুস্ক মৌসুমে নদীতে পানি না থাকায় প্রচন্ড তাপদাহে ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়। লোহাগাড়া উপজেলার এই অনাবৃষ্টি/খরার কারণে ফসলী জমি বিনষ্ট হয়।

৬. জলাবদ্ধতাঃ

লোহাগাড়া উপজেলাটি টংগাবতী নদী নিকট বতী হওয়ায় এবং বর্ষা মৌসুমে পাহাড়ী ঢলের কারণে ব্যাপকভাবে জলাবদ্ধতা সৃষ্টি করে থাকে। জলাবদ্ধতা সৃষ্টির ফলে মানুষের বিভিন্ন রোগ ব্যাধির প্রাদূর্ভাব দেখা দেয় এবং এলাকায় প্রায় ৪৩০৫ একর ফসলী জমি ক্ষতি হয়। জলবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করে ভবিষ্যতে এ অবস্থা থেকে উত্তরণের জন্য পরিকল্পনা হাতে নেওয়া জরুরী।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতাঃ

(ক) বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক ও পরিবেশগত বিদ্যামান অবস্থা, যা দুর্যোগের ক্ষয়ক্ষতির ইঙ্গিত দেয় এবং যা মোকাবিলা করতে জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে।

(খ) সক্ষমতা বলতে প্রাকৃতিক, সামাজিক এবং পরিবেশ ইত্যাদি সমন্বয় সৃষ্ট সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া যা মানুষ বা কোন সংস্থা/প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদ ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থা সর্বোচ্চ মোকাবিলা করে এবংদুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে।

কোন কোন এলাকার কি কি কারণে কি ভাবে বিপদাপন্নতা পয়েন্ট আকারে নিম্নের ছকে দেখাতে হবেঃ

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
১. বন্যা	• বন্যায় প্রতিবছর কমবেশী উপজেলার ৫-৬ টি ইউনিয়ন (চুনতি, আধুনগর, বড়হাতিয়া, কলাউজান, পুটিবিলা , আমিরাবাদ ও চরম্বা) ক্ষতিগ্রস্থ হয়। • ফসলি জমি পানিতে তলিয়ে যায়। • বাড়ীঘর ও লোকালয়ে পানি ঢুকে সম্পদের ক্ষতি করে। • রাস্তাঘাট ও প্রতিষ্টান ও অন্যান্য অবকাঠামো ক্ষতিগ্রস্থ হয়। • নানাবিধ পানিবাহিত রোগের প্রার্দুভাব দেখা দেয়। • সুপেয় পানির উৎস বিনষ্ট হয়। • পুর্বদিকের পাহাড় থেকে নেমে আসা ৩ টি মুল নদীর নাব্যতা না থাকা এবং পলি জমে ভরাট হয়ে যাওয়া। • কোন কোন জায়গায় বেড়ীবাধ না থাকা • কিছু জায়গায় বেড়ী বাঁধ থাকলেও তা মধ্যে মধ্যে ভেংগে যাওয়ায়। • বাঁধ নিয়মিত সংস্কার না করায়।	• বর্তমানে উপজেলার কিছু কিছু এলাকায় বালু তোলার অনুমতি দেয়ায় নাব্যতা বৃদ্ধি পাচ্ছে। • নাব্যতা বৃদ্ধির জন্য ডেজিং করা • প্রয়োজনীয় মেরামত করে বেড়ীবাধ মজবুত ও উচু করা যায়। • নতুন করে বেড়ীবাধ নির্মান করা
২. পাহাড়ী ঢল	• পাহাড় থেকে ণির্ধারিত দূরত্বে ঘরবাড়ি নির্মান না করা • ঘরবাড়িগুলি পাহাড়ী পাহাড়ের পাদ দেশে নির্মান করা • লোকজন পাহাড়ী ঢল সম্পর্কে সচেতন না থাকা • ঘরবাড়ি গুলি দূর্যোগ সহনশীল করে নির্মান না করা	• পাহাড় থেকে নির্ধারিত দূরত্বে ঘরবাড়ি নির্মান • ঘরবাড়ি গুলি দুর্যোগ সহনশীল করে তৈরী করা • পাহাড়ী ঢল সম্পর্কে লোকজনকে সচেতন করা। • ঘরবাড়ি পাহাড়ের পাদদেশে নির্মান না করা

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
৩. কাল বৈশাখী ঝড়	• বড় বড় গাছপালা না থাকা • বসত-বাড়ীর চারপাশে ঝোপ-ঝাড় জাতীয় গাছপালা না থাকা • এলাকায় কাঁচা ল্যাট্রিনগুলো দুর্বল ভাবে নির্মান • গবাদি পশুর আবাস্থল দুর্বল ভাবে নির্মান • প্রয়োজনের তুলনায় সরকারী/বেসরকারী ভাবে আশ্রয় কেন্দ্রর না থাকা • দুর্যোগ সহনশীল ফসলের চাষাবাদ না করা	• প্রয়োজনীয় সংখ্যক আশ্রয় কেন্দ্র নির্মান করা • দুর্যোগ সহনশীল ফসলের চাষাবাদ করা • বেশী পরিমানে গাছ রোপন করা • বসত-বাড়ীর চারপাশে ঝোপ-ঝাড় জাতীয় গাছপালা রোপন করা • কাঁচা ল্যাট্রিনগুলো দুর্যোগ সহনশীল করে নির্মান করা • গবাদি পশূর আবাস্থল দুর্যোগ সহনশীল করে তৈরী করা
৪. নদীভাঙ্গন	• ইউনিয়নে বেড়ী বাঁধ না থাকা • বেড়ী বাধ নিয়মিত সংস্কার না করা। • নদীর পাড়গুলি ব্লক দিয়ে না আটকানো • নদীর ধারে ঘন বনায়ন না থাকা। • মাটি দো আশ ও পলি মাটি না হওয়া।	• উপকূলীয় এলাকায় নির্ধারিত দূরত্বে ঘরবাড়ি নির্মান করা • বাঁধ মেরামতসহ বেশী করে গাছপালা লাগানোর সুযোগ আছে যা মাটিকে শক্ত করতে সাহায্য করবে • রাস্তার দুধারে গাছ রোপণ করা
৫. অনাবৃষ্টি/খরা	• পর্যাপ্ত গাছপালা না থাকা ও নির্বিচারে বৃক্ষ নিধন • পুকুর, খাল, বিল ভরাট হয়ে যাওয়া এবং পানির উৎসসমুহ নষ্ট করা • জনসংখ্যা দ্রত বৃদ্ধির ফলে অধিকহারে জ্বালানী কাঠ ব্যবহার, পাহাড়ে অধিকহারে বসতবাড়ী নির্মানের ফলে বৃক্ষ শুন্য পাহাড়। চাষাবাদের জন্য গভীর নলকুপের সংখ্যা তুলনামূলকভাবে কম থাকা • সুপেয় খাবার পানির জন্য রেইন ওয়াটার হারভেষ্টিং সিস্টেম ফিল্টার না থাকা	• বেশী পরিমানে গাছ-পালা রোপন ও বনায়ন সৃষ্টি করা • সরকারী/বেসরকারী ভাবে গভীর নলকুপ এর সংখ্যা বৃদ্ধি করা • খরা সহনশীল ফসলের চাষাবাদ করা • সুপেয় খাবার পানির জন্য রেইন ওয়াটার হারবেস্টিং সিস্টেম ফিল্টার স্থাপনের ব্যবস্থা করা
৬. জলাবদ্ধতা	• ভারি বৃষ্টির ফলে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে থাকে • খাল ও ছড়া ভরাট হয়ে যাওয়ার কারণে • জলাবদ্ধতা সৃষ্টির ফলে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দেয়	• দ্রুত পানি নিস্কাশনের ব্যবস্থা করা • খাল ও ছড়া খননের উদ্যোগ গ্রহন করা

বিপদাপন্নতাঃ- বিশেষ করে বন্যার সময় ব্যাপকহারে ফসলের ক্ষতি হয় । বন্যার সময় বয়স্ক, শিশু, গর্ভবতী ও প্রতিবন্ধি ঝুঁকিতে থাকে ইত্যাদি ।

সক্ষমতাঃ কোন ইউনিয়নে বন্যা আশ্রয় কেন্দ্র নেই ।

২.৫ সর্বাধিক বিপদাপন্নতা এলাকাঃ

আপদ	সর্বাধিক বিপদাপন্নতা এলাকা	বিপদাপন্নতার কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
বন্যা	• বড়হাতিয়া ইউনিয়নে ৬, ৭, ও ৯ নং ওয়ার্ড। • কলাউজান ইউনিয়নে ৩, ৫ ও ৭ নং ওয়ার্ড। • আমিরাবাদ ইউনিয়নে ২, ৪, ৮ ও ৯ নং ওয়ার্ড। • আধুনগর ইউনিয়নে ১, ৩ ও ৬ নং ওয়ার্ড। • পদুয়া ইউনিয়নে ৫, ৬, ও ৭ নং ওয়ার্ড। • পুটি বিলা ইউনিয়নে ৩, ৪ ও ৮ নং ওয়ার্ড • চুনতি ইউনিয়নে ৩, ৪ ও ৮ নং ওয়ার্ড • চরম্বা ইউনিয়নে ৩, ৪ ও ৮ নং ওয়ার্ড	• নদী ও খালের নাব্যতা না থাকা • চাহিদার তুলনায় কম ও দুর্বল বাঁধ • বাঁধের দু ধারে গাছ লাগানো না থাকা • দুর্যোগ সহনশীল ঘরবাড়ী নির্মান না করা	• পরিবার সংখ্যা প্রায় ৯৫৪০ পরিবার
পাহাড়ী ঢল	• বড়হাতিয়া ইউনিয়নে ৪,৫,৬,৭,৮ ও ৯ নং ওয়ার্ড। • কলাউজান ইউনিয়নে ১,২,৩,৪ নং ওয়ার্ড। • আমিরাবাদ ইউনিয়নে ১,২,৪,৯ নং ওয়ার্ড। • আধনগর ইউনিয়নে ১,২,৩,৯ নং ওয়ার্ডে। • পদুয়া ইউনিয়নে ১,২,৩,৪ নং ওয়ার্ডে নং ওয়ার্ড। • পুটি বিলা ইউনিয়নে ১,২,৩,৫,৬,৭,৮ • চুনতি ইউনিয়নে ৬,৭,৮,৯ নং ওয়ার্ড। • চরম্বা ইউনিয়নে ২,৩,৪,৫ নং ওয়াড	• পাহাড় থেকে নির্ধারিত দূরত্বে ঘরবাড়ি নির্মান না করা • ঘরবাড়িগুলি পাহাড়ী পাহাড়ের পাদ দেশে নির্মান করা • লোকজন পাহাড়ী ঢল সম্পর্কে সচেতন না থাকা • ঘরবাড়ি গুলি দূর্যোগ সহনশীল করে নির্মান না করা	• ক্ষতি গ্রস্থ পরিবারের সংখ্যা প্রায় ৫৪৩৭ টি
কাল বৈশাখী ঝড়	• বড়হাতিয়া ইউনিয়নে সকল ওয়ার্ড। • কলাউজান ইউনিয়নে সকল ওয়ার্ড। • আমিরাবাদ ইউনিয়নে সকল ওয়ার্ড। • আধুনগর ইউনিয়নে সকল ওয়ার্ডে। • পদুয়া ইউনিয়নে সকল ওয়ার্ডে	• দুর্যোগ সহনশীল ঘরবাড়ি নির্মান না করা • দুর্যোগ সহনশীল ফসলের চাষাবাদ না থাকা • গাছ-পালা অতিমাত্রায় কেটে ফেলা • বসত-বাড়ীর চারপাশে ঝোঁপ-ঝাঁড় জাতীয় গাছপালা না থাকা • এলাকায় কাঁচা ল্যাট্রিনগুলো দুর্বল ভাবে নির্মান • গবাদি পশুর আবাস্থল দুর্বল ভাবে নির্মান • প্রয়োজনের তুলনায় সরকারী/বেসরকারী	• ক্ষতি গ্রস্থ পরিবারের সংখ্যা প্রায় ১২৪৯৫

আপদ	সর্বাধিক বিপদাপন্নতা এলাকা	বিপদাপন্নতার কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
	• পুটি বিলা ইউনিয়নে সকল ওয়ার্ড • চুনতি ইউনিয়নে সকল ওয়ার্ড • চরম্বা ইউনিয়নে সকল ওয়ার্ড	ভাবে আশ্রয় কেন্দ্রর পরিমান কম থাকা	
নদী ভাঙ্গন	• বড়হাতিয়া ইউনিয়নে ১,২,৩,৪ নং ওয়ার্ড। • পদুয়া ইউনিয়নে ১,২,৮,৯ নং ওয়ার্ড • পুটি বিলা ইউনিয়নে ১,২,৮,৯ নং ওয়ার্ড • চুনতি ইউনিয়নে ১,২,৮,৯ নং ওয়ার্ড • চরম্বা ইউনিয়নে ১,২,৮,৯ নং ওয়ার্ড	• নদীর পাড়গুলি ব্লক দিয়ে না আটকানো • দুর্বল বাঁধ • নদীর ধারে ব্যাপকভাবে উপকূলীয় বনায়ন না থাকা • যেখানে বাঁধ আছে তা প্রায় বিভিন্ন অংশে ভাঙ্গা	• ক্ষতি গ্রস্থ পরিবারের সংখ্যা প্রায় ৪৬৯০ টি
অনাবৃষ্টি / খরা	• বড়হাতিয়া ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড • কলাউজান ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড • আমিরাবাদ ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড • আধুনগর ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড • পদুয়া ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড • পুটি বিলা ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড • চুনতি ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড • চরম্বা ইউনিয়নে প্রায় সকল ওয়ার্ড	• পর্যাপ্ত পরিমানে গাছ-পালা ও বনায়ন না থাকা • চাষাবাদের জন্য গভীর নলকুপের সংখ্যা তুলনামূলকভাবে কম থাকা • সুপেয় খাবার পানির জন্য রেইন ওয়াটার হারভেষ্টিং সিস্টেম ফিল্টার না থাকা • ফিল্টার না থাকা	• ক্ষতি গ্রস্থ পরিবারের সংখ্যা প্রায় ১০৩০০ টি
জলাবদ্ধতা	• বড়হাতিয়া ইউনিয়নে ১,২,৩,৪ নং ওয়ার্ড। • কলাউজান ইউনিয়নে ৩,৪,৫,৬,৭ নং ওয়ার্ডে। • আমিরাবাদ ইউনিয়নে ১,২,৩,৬,৭,৮,৯নং ওয়ার্ডে নং ওয়ার্ড। • আধুনগর ইউনিয়নে ৪, ৫ ৭,৮ নং ওয়ার্ড • পদুয়া ইউনিয়নে ১,২,৮,৯ নং ওয়ার্ড • পুটি বিলা ইউনিয়নে ১,২,৮,৯	• ভারি বৃষ্টির ফলে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে থাকে • খাল গুলো ভরাট হয়ে যাওয়ার কারণে • জলাবদ্ধতা সৃষ্টির ফলে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দেয়	• প্রায় ৪৩৯০ টি পরিবার

আপদ	সর্বাধিক বিপদাপন্নতা এলাকা	বিপদাপন্নতার কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
	নং ওয়ার্ড ● চুনতি ইউনিয়নে ১,২,৮,৯ নং ওয়ার্ড ● চরম্বা ইউনিয়নে ১,২,৮,৯ নং ওয়ার্ড		

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমূহঃ

উপজেলা উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমূহ

প্রধান খাত সমূহ	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়
১। কৃষি	● উপজেলায় ৯টি ইউনিয়নে মোট কৃষি জমির পরিমান ৩৯৫৪৫ একর। এখানে প্রায় প্রতিনিয়তই পাহাড়ী ঢল হয়ে থাকে পাহাড়ী ঢলে প্রায় ২২০০ একর ফসলী জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে ● এই উপজেলাতে ১৯৯১,১৯৯৭ সালের মত বন্যা/ জলোচ্ছাস হলে বা আঘত হানলে প্রায় ৩৯৫৪৫ একর ফসলী জমির মধ্যে প্রায় ২১৯০ একর ফসলী জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে । ● এই উপজেলায় খাল/নদী ভাঙ্গনে প্রায় ১০০০-১১০০ একর ফসলী জমির ফসলের ক্ষতি হতে পারে । ● এই উপজেলায় কালবৈশাখী ঝড় হলে এলাকায় প্রায় ২৩০০ একর ফসলী জমির ফসল ক্ষতি গ্রস্থ হতে পারে । ● উপজেলাটি প্রায় প্রতি বছরেই খরার কবলে পড়ে থাকে । ভবিষ্যতে বড় ধরণের খরা হলে প্রায় ১৪৫০ একর ফসলী জমির ফসলের ক্ষতি হতে পারে । ● এই উপজেলায় প্রায় প্রতিবছর ভারি বর্ষনের ফলে জলাবদ্ধতা দেখা যায়। এখানে জলাবদ্ধতার ফলে প্রায় প্রতি বছর ২০৭০ একর ফসলি জমির জমির ফসল ক্ষতি হয়ে থাকে ।	● বেড়ীবাঁধ মেরামত করে শক্ত বা মজবুত করা ● পানি নিস্কাশন ব্যবস্থা উন্নত করা ● আমন ধানের চারা উৎপাদনে বৃষ্টির পানি ব্যবহার ● জমিতে জৈব সার ব্যবহার করা ● খাল খনন ও সেচ ব্যবস্থা উন্নয়ন করা ● খাড়া ধান গাছ গুলি মাটিতে চেপে দেয়ার ব্যবস্থা করা
২। মৎস্য সম্পদ	● লোহাগাড়া উপজেলায় ৯টি ইউনিয়নে মোট পুকুরের সংখ্যা প্রায় ১২৭৩টি । এখানে ২০০৭ ও ২০১০ সালের মত পাহাড়ী ঢল ছোট বড় ২৯৪ টি পুকুরের মাছ পানিতে ভেসে যেতে পারে। ● এই উপজেলায় প্রায় প্রতি বছরই কম বেশী বন্যা হয়ে থাকে । বন্যা হলে প্রায় ৩৫০ টি পুকুরের মাছ বন্যায় ভেসে গিয়ে ব্যাপক ক্ষতি হয়ে থাকে । ● নদী ভাঙ্গনে খাল/নদী সংলগ্ন হওয়ায় প্রায় ৬০-৭০ টি পুকুরের ক্ষতি হয়ে থাকে । ● এখোনে প্রায় প্রতিবছর অনাবৃষ্টি হয়ে থাকে। অনাবৃষ্টি/খরা	● পুকুরের গভীরতা বৃদ্ধি করা ● বাঁধ মেরামত ও মজবুত করতে হবে ● মৎস্য চাষীদের জন্য প্রশিক্ষণ এর ব্যবস্থা করতে হবে ● তিন স্তর বিশিষ্ট মৎস চাষ করা ● বন্যার সময় জাল বেষ্টিত রাখা ● ক্ষতিগ্রস্থ দরিদ্র মৎস্য চাষীদের জন্য সহায়তা প্রদান করা ● মাছের বাজার জাত উন্নতকরণ

প্রধান খাত সমূহ	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়
	হলে প্রায় ৬০-৬৫ টি পুকুরের মাছের ক্ষতি হয়ে থাকে ।	
৩। পশু সম্পদ	• লোহাগাড়া উপজেলায় বন্যা হলে ৫৪৩৮৬ টি গরুর মধ্যে প্রায় ১১২৭০টি গরু, ২০৪৩০ টি ছাগলের মধ্যে প্রায় ৯৪৩০ টি ছাগল, ১১০টি ভেড়ার মধ্যে ২৮টি ভেড়া, ১,৪৫,৩২৫টি মুরগীর মধ্যে ৫২৭১০ টি মুরগী, ১২৫২৬ টি হাঁসের মধ্যে প্রায় ২৯৭০ টি হাঁসসহ অন্যান্য বন্য পশুপাখী ভেসে যাওয়ার সম্ভাবনা রয়েছে । • লোহাগাড়া উপজেলায় ১৯৯১, ১৯৯৭ সালের মত জলোচ্ছাস/কালবৈশাখী ঝড় হলে এলাকায় প্রায় ২৬০০ টি গরু, প্রায় ৩২১০ টি ছাগল, প্রায় ২৮ টি ভেড়া, প্রায় ৪৪৭৬০ টি মুরগী, প্রায় ১৮৭০ টি হাঁসসহ অন্যান্য বন্য পশুপাখী ভেসে যাওয়ার সম্ভাবনা রয়েছে ।	• মাটির কিল্লা নির্মান করা • সরকারী পতিত/খাস জমিতে গবাদি পশুর চারণ ভূমি তৈরী করা • আপদ সহনশীল সংকর জাতীয় পশুপাখী চাষে উদ্বুদ্ধ করা • পশুর টিকা সরবরাহ নিশ্চিত করা • গবাদী পশুর আবাস্থল দুর্যোগ সহনশীল করে তৈরী করা • গবাদী পশুর রোগ ব্যাধি ও চিকিৎসা সম্পর্কে লোকজনকে সচেতন করা • গবাদী পশুর খাদ্য প্রক্রিয়া জাতকরণ প্রতিষ্ঠান স্থাপন করা
৪। স্বাস্থ্য	• লোহাগাড়া উপজেলায় ৯টি ইউনিয়নের মধ্যে প্রায় অধিকাংশ ইউনিয়নেই বন্যা হয়ে থাকে। এই উপজেলায় বন্যা হলে এলাকায় আবর্জনা ও ডোবা/নিচু জমিতে কিছু পানি জমে থাকে এবং রোগ জীবানুর সৃস্টি হয়ে প্রায় ৭৫৪০ টি পরিবারের লোকজনের পানিবাহিত রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা থাকে। • লোহাগাড়া উপজেলায় প্রতিবছর খরা হয়ে থাকে। খরা হলে প্রায় ৭৫০০টি পরিবারে বিভিন্ন রোগে আকান্ত এবং প্রায় ১২৫০০টি পরিবারের সুপেয় খাবার পানির সমস্যা সৃস্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।	• স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা • দুর্যোগে স্বাস্থ্যের ঝুঁকি বিষয়ে ডাক্তারদের প্রশিক্ষণের ব্যবস্থা করা • ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকের সেবার মান বৃদ্ধি করা • বিশুদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিত করা • দূর্যোগের সমসয় পঙ্গু ব্যক্তিদের পুর্নবাসনের ব্যবস্থা করা • পর্যাপ্ত টিকা ও প্রতিষেধকের ব্যবস্থা করা • স্বাস্থ্য সেবা কেন্দ্র গুলিতে প্রয়োজন মোতাবেক ডাক্তার ও নার্সের পদ সংখ্যা বৃদ্ধি করা
৫। জীবিকা	• লোহাগাড়া উপজেলায় ৯টি ইউনিয়নে বন্যার কারনে প্রায় ৩৪৭৫ জন মৎস্যজীবি ব্যবসায়ী প্রতাক্ষ ও পরোক্ষ ভাবে ক্ষতিগ্রস্থ হয়। • কাল বৈশাখী ঝড়ের কারণে প্রায় ৪৫৫০ জন মৎস্যজীবি ব্যবসায়ী প্রতাক্ষ ও পরোক্ষ ভাবে ক্ষতিগ্রস্থ হয়। • খরার কারণে প্রায় ১০৪০ জন মৎস্যজীবি ব্যবসায়ী প্রতাক্ষ ও পরোক্ষ ভাবে ক্ষতিগ্রস্থ হয়। • কাল বৈশাখীর ঝড়ের কারণে প্রায় ১৭৩৫০ কৃষিজীবি ও প্রায় ১২৭০০ জন মজুরের কাজের অভাব দেখা দেয় । • বন্যার কারণে প্রায় ১২৬০০ কৃষিজীবি ও প্রায় ১০৩০০ জন মজুরের কাজের অভাব দেখা দেয় ।	• টেকসই বিকল্প জীবিকা সৃষ্টি করার লক্ষ্যে বিভিন্ন ট্রেডের উপরে প্রশিক্ষনের ব্যবস্থা করা • মহিলাদের জন্য বসতবাড়ীরতে আয়ের ব্যবস্থা করার জন্য উদ্বুদ্ধ করা • স্থানীয় পর্যায়ে সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করা • বিপদাপন্ন জনগোষ্ঠীর জীবিকা নিশ্চিত করার জন্য সরকারী/বেসরকারীভাবে সহায়তা প্রদানের ব্যবস্থা করা • ক্ষুদ্র ব্যবসায়ীদেরকে সমিতির মাধ্যমে প্রশিক্ষনের ব্যবস্থা করা • সামাজিক নিরাপত্তা বৃদ্ধি করা
৭। ঘরবাড়ি ও	• লোহাগাড়া উপজেলায় পাহাড়ী ঢল হলে প্রায় ৫৮ কি:মি: কাঁচা রাস্তা, এইচবিবি ৬২ কিঃমিঃ এবং প্রায় ১২৬৫ টি কাঁচা ঘরবাড়ি প্লাবিত, প্রায় ২৬ টি শিক্ষা প্রতিষ্ঠান, প্রায়	• রাস্তা উঁচু ও পাকা করা • প্রয়োজনীয় কালভার্ট ও ব্রীজ নির্মান করা

প্রধান খাত সমূহ	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়
অবকাঠামো	১৬ টি মন্দিরের ব্যাপক ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে । ● এই উপজেলায় ১৯৯১, ১৯৯৭ সালে মত কালবৈশাখী ঝড়/জলোচ্ছাস হলে প্রায় ৫০ কিঃমিঃ কাঁচা রাস্তা, এইচবিবি ৪৮ কিঃমিঃ এবং প্রায় ১৩২০০ টি পরিবারের কাঁচা ঘরবাড়ি প্লাবিত, প্রায় ২৩ টি শিক্ষা প্রতিষ্ঠান, প্রায় ৫টি স্বাস্থ্য কেন্দ্রে ব্যাপক ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে । এছাড়া কাল বৈশাখী ঝড়ে এলাকায় প্রায় ৫৫-৬০ কিঃমিঃ বিদ্যুৎ লাইনের ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে । ● বন্যায় হলে এলাকায় প্রায় ৩২ কিঃমিঃ কাঁচা রাস্তা, এইচবিবি ৭৩ কিঃমিঃ প্রায় ১০৪০০ টি পরিবারের কাঁচা ঘরবাড়ি প্লাবিত, প্রায় ২০ টি শিক্ষা প্রতিষ্ঠান, প্রায় ৭টি হাটবাজার প্লাবিত, প্রায় ৪টি স্বাস্থ্য কেন্দ্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে । ● লোহাগাড়া উপজেলায় ২০১২-২০১৪ সালের মত অতিবৃষ্টি ফলে জলাবদ্ধতা সৃষ্টির ফলে প্রায় ১০০০-১২০০ টি কাঁচা ঘরবাড়ির ব্যাপক ক্ষতি হয়েছিল ।	● পর্যাপ্ত সাইক্লোন সেন্টার নির্মান করা ● অবকাঠামো স্থাপনার চারদিকে, রাস্তা ও খাল সমূহের দুই ধারে বৃক্ষ রোপন করা ● আশ্রয় কেন্দ্র নির্মান করা ● নতুন অবকাঠামো দুযোগ সহনশীল করে নিমান করা ● ঘরবাড়ি দুর্যোগ সহনশীল করে নির্মান করা ● বাড়ির আশেপাশে বেশী বেশী গাছ লাগানোর জন্য উদ্বুদ্ধ করা

২.৭ সামাজিক মানচিত্রঃ



২.৮ আপদ ও ঝুঁকির মানচিত্রঃ



২.৯ আপদ মৌসুমী দিনপঞ্জিঃ

উপজেলা আপদের মৌসুমী দিনপঞ্জি

ক্র.নং	আপদ সমূহ	মাসের নাম											
		বৈশাখী	জৈষ্ঠ্য	আষাড়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১	বন্যা												
২	পাহাড়ী ঢল												
৩	কালবৈশাখী												
৪	নদী ভাঙ্গন												
৫	খরা												
৬	জলাবদ্ধতা												

দিনপঞ্জি বিশ্লেষণঃ

চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলাটি একটি দুর্যোগ প্রবন এলাকা হিসাবে পরিচিত । এই উপজেলায় মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ চলাকালে স্থানীয় পর্যায়ে বিভিন্ন লোকজনের সাথে কথা বলে জানা যায় যে, এলাকায় বন্যা, পাহাড়ী ঢল, কাল বৈশাখী ঝড়, নদী ভাঙ্গন, খরা ও জলাবদ্ধতা আপদ বিদ্যমান রয়েছে । উপরে রেখা চিত্রের (দিনপঞ্জি) মাধ্যমে আপদ গুলির ঘটার সময় দেখানো হয়েছে । রেখা চিত্রের আলোকে নিম্নে বিশ্লেষণ করা হলঃ

- বন্যাঃ লোহাগাড়া উপজেলাটি টংকাবতী নদীর তীরবর্তী ও জলবায়ু পরিবর্তনের কারণে প্রায় প্রতি বছরই বন্যা ঘটে থাকে। এখানে আপদ গুলির মধ্যে বন্যা অন্যতম । সাধারনত আষাঢ় থেকে ভাদ্র মাস পর্যন্ত বন্যা হয়ে থাকে ।
- পাহাড়ী ঢলঃ এলাকায় স্থানীয় লোকজনের সাথে কথা বলে জানা যায় যে, উপজেলাটির কিছু ইউনিয়নে পাহাড়ী এলাকা রয়েছে । এই এলকাকায় বর্ষা মৌসুমে প্রতিনিয়ত পাহাড়ী ঢল হয়ে থাকে এবং এলাকার ক্ষতি সাধন করে থাকে । সাধারনত আষাঢ় থেকে ভাদ্র মাস পর্যন্ত এলাকায় পাহাড়ী ঢলে ক্ষতি করে থাকে ।
- কাল বৈশাখী ঝড়ঃ স্থানীয় লোকজনের সংঙ্গে কথা বলে জানা যায় যে, কাল বৈশাখী ঝড় একটি প্রাকৃতিক আপদ, যাহা প্রায় প্রতি বছর এলাকায় হয়ে থাকে । ফলে এলাকায় ব্যাপক ভাবে ক্ষতি সাধন হয় । এটি সাধারনত বৈশাখ থেকে জৈষ্ঠ্য মাস পর্যন্ত কাল বৈশাখী ঝড় হয়ে থাকে ।
- নদী ভাঙ্গনঃ লোহাগাড়া বেশ কিছু ইউনিয়নে নদী ভাঙ্গন একটি বড় প্রাকৃতিক আপদ হিসাবে পরিচিত । এটি প্রতি বছর বসতবাড়ি ও ফসলী জমি ভেঙ্গে নদী গর্ভে বিলীন হয়ে যাচ্ছে । এটি সাধারনত আষাঢ় মাস থেকে ভাদ্র মাস পর্যন্ত অবকাঠামোসহ ক্ষতি সাধন করে থাকে ।
- খরাঃ এলাকা থেকে জানা য়ায় যে, এলাকায় শুস্ক মৌসুমে খরা একটি আপদ যাহা প্রাকৃতিক সৃষ্টি । প্রতি বছর এই এলাকায় খরা ফসলী জমি সহ অন্যান্য জমির প্রচুর পরিমানে ফসলের ক্ষতিসহ সুপেয় খাবার পানির সমস্যা সৃষ্টি করে থাকে । খরা সাধারনত চৈত্র, বৈশাখ ও জৈষ্ঠ্য মাস পর্যন্ত হয়ে থাকে ।
- জলাবদ্ধতাঃ এলাকায় স্থানীয় লোকজনের সাথে কথা বলে জানা যায় যে, উপজেলাটির অনেকাংশে ইউনিয়নগুলো নিচু হওয়ায় জলাবদ্ধতার সম্মুখিন হয়ে থাকে । এই উপজেলায় যে সব খাল ও ছড়া রয়েছে সে গুলো প্রায় ভরাট হয়ে যাওয়ায় বর্ষা মৌসুমে প্রতিনিয়ত পাহাড়ী ঢলের ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে থাকে এবং এই ক্ষতি সাধারণত আষাঢ় হতে ভাদ্র মাস পর্যন্ত ক্ষতি করে থাকে ।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জিঃ

উপজেলা জীবিকার মৌসুমী দিনপঞ্জি

ক্র. নং	জীবিকা	মাসের নাম											
		বৈশাখী	জৈষ্ঠ্য	আষাড়	শ্রাবন	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১	কৃষক												
২	মৎস্যজীবি												
৩	পশুপালনকারী												
৪	ব্যবসায়ী												
৫	ভটভটি, ভ্যান চালক												
৬	দিন মজুর												

২.১১ জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতাঃ

প্রধান জীবিকা সমূহ এবং আপদ/দুর্যোগ সমূহে কি কি সমস্যা সৃষ্টি করে তা নিম্নে ছকের মাধ্যমে দেখানো হলঃ

ক্রঃনং	জীবিকিাসমুহ	আপদ/দুর্যোগ সমূহ					
		বন্যা	পাহাড়ী ঢল	কালবৈশাখী ঝড়	নদীভাঙ্গন	খরা	জলাবদ্ধতা
১	কৃষি						
৩	প্রানী সম্পদ						
৪	ব্যবসায়ী						
২	মৎস্য						
৬	দিন মজুর						
৫	ভটভটি,ভ্যান চালক						

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননাঃ

লোহাগাড়া উপজেলার প্রতিটি ইউনিয়নের আপদসমূহ চিহ্নিতকরণ, বিপদাপন্ন খাত এবং এলাকাসমূহ নির্ধারণের পর আপদসমূহের ঝুঁকিসমূহ চিহ্নিত করণ ও তালিকা প্রস্তুতসহ বর্ননা নেয়া হয়েছে। কৃষক, মৎস্যজীবী ও ব্যবসায়ী এই তিনটি গ্রুপ থেকে প্রতিনিধি নিয়ে তিনটি দলে (প্রতি দলে ছয় জন করে) মোট ১৮ জন প্রতিনিধি নিয়ে পৃথকভাবে প্রতিটি দলের বর্ণনাকৃত ঝুঁকিসমূহের মূল্যায়ন করে অগ্রহণযোগ্য ঝুঁকিসমূহের ওপর ভোটাভুটির মাধ্যমে ঝুঁকির অগ্রাধিকারকরণ করা হয়েছে। তিনটি দলের অগ্রাধিকারকৃত ঝুঁকিসমূহকে একত্রিত করে প্রাপ্ত ভোট সংখ্যার আলোকে সর্বোচ্চ ভোটপ্রাপ্তির ক্রমানুযায়ী ঝুঁকির তালিকা থেকে ঝুঁকি নিয়ে এবং তার কারণ বিশ্লেষণ করাসহ স্থানীয় পর্যায়ে ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়সমূহ নির্ধারণ করা হয়েছে। অগ্রাধিকারকৃত ঝুঁকিসমূহ নিম্নে দেখানো হয়েছে।

(ক) লোহাগাড়া উপজেলার চিহ্নিত আপদ দ্বারা কোন কোন খাত সমূহ ক্ষতিগ্রস্থ হয় তার বিবরণঃ

আপদ সমূহ	বিপদাপন্ন সামাজিক উপাদান সমূহ					
	ফসল	মৎস সম্পদ	অবকাঠামো	গাছপালা	পয়ঃনিস্কাশন	স্বাস্থ্য
বন্যা						
পাহাড়ী ঢল						
কাল বৈশাখী ঝড়						
নদী ভাঙ্গন						
খরা						
জলাবদ্ধতা						

খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননাঃ

খাতসমূহ	আপদ	বর্ণনা
কৃষি	বন্যা	লোহাগাড়া উপজেলাতে বন্যা বা ১৯৮৭ বা ১৯৮৮ সালের মত বন্যা হলে বড়হাতিয়া ইউনিয়নে প্রায় ২৪৫৭ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফরে ২৬৩৫ টি পরিবার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে । চুনতি ইউনিয়নে মোট ১৮৭৬ একর জমির আমন, এবং ১২৮ একর জমির রবিশস্য এবং ২৩৯ একর জমির জমির শাকসবজী চাষের ক্ষতি হতে পারে । এর ফলে ১৩৪৯ টি পরিবার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। পদুয়া ইউনিয়নের ৫ টি ওর্য়াডের ২১৪৭ একর জমির ফসল, ৩২৪ একর জমির শাকসবজী ক্ষেত ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। এর ফলে মোট ২৬৫৪ টি পরিবার আংশিক বা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। তাছাড়া আধুনগর ইউনিয়নের ১৬৪৩ একর জমির আমন চাষ , ২১৫ একর জমির শাকসবজী ক্ষেত ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। এর ফলে ৯৮৩ টি পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে এবং ২৬৪৫ জন মানুষ ক্ষতির সম্মুখীন হতে পারে। কলাউজান ইউনিয়নে চাষযোগ্য ৬৯২০ একর জমির মধ্যে প্রায় ১২৯৮ একর জমির আমন ফসল, ৩২৭ একর জমির শাকসবজী ক্ষেত ক্ষতিগ্রস্থ হতে পারে। চরম্বা ইউনিয়নের মোট ১০২৩ একর জমির ফসলের, ২৪৫ একর জমির শাকসবজী ক্ষেত এর ব্যাপক ক্ষতি হতে পারে । তারফলে এই ইউনিয়নের প্রায় ৬৪৩ টি পরিবার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। পুটিবিলা ইউনিয়নের ৫২১ একর জমির ফসল , ২৫৪ একর জমির আমন ও বোরো এবং সবজি ক্ষেত ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। এরফলে প্রায় ২১৮ টি পরিবার এবং ১৫৪৮ মানুষজন প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।
মৎস্য সম্পদ	বন্যা	লোহাগাড়া উপজেলায় ভয়াবহ বন্যা হলে চুনতি ইউনিয়নে প্রায় ৩৪৫ টি গরু, প্রায় ৪৩০ টি ছাগল, প্রায় ২১০০ টি মুরগী, প্রায় ৪০০ টি হাঁস, প্রায় ৩০ টি ভেড়া, প্রায় ২২ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । আধুনগর ইউনিয়নে প্রায় ২৯০ টি গরু, প্রায় ৩৩২ টি ছাগল, প্রায় ২২০০ টি

খাতসমূহ	আপদ	বর্ণনা
		মুরগী, প্রায় ২৬০ টি হাঁস, প্রায় ১৯ টি ভেড়া, প্রায় ১৪ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । চরম্বা ইউনিয়নে প্রায় ২০৪ টি গরু, প্রায় ১৭৮ টি ছাগল, প্রায় ২৫০০ টি মুরগী, প্রায় ২৫০ টি হাঁস, প্রায় ২২ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । আমিরাবাদ ইউনিয়নে প্রায় ২০০ টি গরু, প্রায় ১৭০ টি ছাগল, প্রায় ২৬০০ টি মুরগী, প্রায় ৩৫০ টি হাঁস, প্রায় ২৮ টি ভেড়া, প্রায় ১০ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । লোহাগাড়া সদর ইউনিয়নে প্রায় ১০০ টি গরু, প্রায় ১৫০ টি ছাগল, প্রায় ১০০০ টি মুরগী, প্রায় ১০০ টি হাঁস, প্রায় ২৫ টি ভেড়া, প্রায় ২০ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । বড়হাতিয়া ইউনিয়নে প্রায় ২৩০ টি গরু, প্রায় ২৫০ টি ছাগল, প্রায় ২৩০০ টি মুরগী, প্রায় ২৪২ টি হাঁস, প্রায় ৩০ টি ভেড়া, প্রায় ২৫ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । কলাউজান ইউনিয়নে প্রায় ৪০০ টি গরু, প্রায় ৫৫০ টি ছাগল, প্রায় ১৫৪০ টি মুরগী, প্রায় ৫০০ টি হাঁস, প্রায় ২২ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । পুটিবিলা ইউনিয়নে প্রায় ২৩০ টি গরু, প্রায় ৪৫০ টি ছাগল, প্রায় ২৩০০ টি মুরগী, প্রায় ২২০ টি হাঁস, প্রায় ৩২ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে । পদুয়া ইউনিয়নে প্রায় ২৩৮ টি গরু, প্রায় ২৮০ টি ছাগল, প্রায় ১৯৫০ টি মুরগী, প্রায় ৩৭০ টি হাঁস, প্রায় ২৫ টি মহিষ বন্যার পানিতে ভেসে যেতে পারে ফলে এলাকার অনেক পরিবার ক্ষতি গ্রস্থ হতে পারে ।
অবকাঠামো	বন্যা	লোহাগাড়া উপজেলায় বড় আকারের বন্যা হলে এলাকায় প্রায় ২২ কিঃমিঃ কাঁচা রাস্তা, এইচবিবি প্রায় ১৮ কিঃমিঃ, প্রায় ১৬ কিঃমিঃ পাকা রাস্তা, প্রায় ২৩৪৯ টি পরিবারের কাঁচা ঘরবাড়ি প্লাবিত হয়ে ব্যাপক ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে । প্রায় ১২ টি শিক্ষা প্রতিষ্ঠান, প্রায় ৫ টি হাটবাজার প্লাবিত ও প্রায় ৩ টি স্বাস্থ্য কেন্দ্রের অবকাঠমো প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে ।
গাছপালা	বন্যা	লোহাগাড়া উপজেলায় বন্যার কারনে চুনতি ইউনিয়নের ৩২১ টি বনজ গাছ, ১৫২৩ টি ফলজ গাছ, এবং ১২৩ টি ওষধি গাছের , পদুয়া ইউনিয়নের ২১৬ টি বনজ , ৩২৮৭ টি ফলজ, এবং ৩৪১ টি ওষধি গাছের, আধুনগর ইউনিয়নের ১৪৫ টি বনজ, ১৯৮৭ টি ফলজ, এবং ১৭৫ টি ওষধি গাছের, কলাউজান ইউনিয়নের ১৪৮ টি বনজ, ২৫৬৩ টি ফলজ, ২৩৬ টি ওষধি গাছের , বড়হাতিয়া ইউনিয়নের ৪৩২ টি বনজ, ৩৪২৭ টি ফলজ, ৩৮৭ টি ওষধি গাছের , চরম্বা ইউনিয়নের ৪২১ টি বনজ, ১৭৫৩ টি ফলজ, ২৩৫ টি ওষধি গাছের, পুটিবিলা ইউনিয়নের ২৩৪ টি বনজ, ১৩৭৮ টি ফলজ, ১৩৪ টি ওষধি গাছের, আমিরাবাদ ইউনিয়নের ১২৪ টি বনজ, ২৪৫৮ টি ফলজ এবং ১৬৩ টি ওষধি গাছের ক্ষতি হতে পারে । এর ফলে এসব ইউনিয়নগুলির প্রায় ১২৩৬ টি পরিবার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অথনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।
পয়ঃনিস্কাশন	বন্যা	লোহাগাড়া উপজেলায় মোট পায়খানার সংখ্যা প্রায় ৯১৬০০ টি। এর মধ্যে পাকা পায়খানা প্রায়-৫৬৭৪২ টি এবং কাঁচা পায়খানা প্রায়-৫৬৫২৪ টি। মাঠ পর্যায়ের তথ্য মতে ইউনিয়নগুলোতে কাঁচা ও আধা পাকা পায়খানা গুলো বেশী পরিমানে বিভিন্ন দূর্যোগের সময়ে বেশী ক্ষতিগ্রস্থ হয়ে থাকে।
স্বাস্থ্য	বন্যা	লোহাগাড়া উপজেলায় বন্যা হলে ইউনিয়ন গুলোর স্বাস্থ্য সেবা কেন্দ্র গুলোর বেশি পরিমানে ক্ষতি করে থাকে এবং পানি বাহিত রোগ হয়ে মানব দেহের বিভিন্ন ক্ষতি সাধন করে থাকে । বন্যা হলে উক্ত ইউনিয়নের স্বাস্থ্য সেবার কেন্দ্রগুলো প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতি সাধিত হয় ।
ফসল	পাহাড়ী ঢল	লোহাগাড়া উপজেলায় বর্ষা মৌসুমে বড় ধরণের পাহাড়ী ঢল হলে বড়হাতিয়া ইউনিয়ন প্রায় ৭১০ একর ফসলি জমি ব্যাপকভাবে ক্ষতি গ্রস্থ হয় । কলাউজান ইউনিয়নে পাহাড়ী ঢলে প্রায় ৩২০ একর ফসলী জমি ক্ষতি হয়ে থাকে । আমিরাবাদ ইউনিয়নে পাহাড়ী ঢলে প্রায় ৪৯৬০ একর ফসলী জমি ক্ষতি হয়ে থাকে । আধুনগর ইউনিয়নে পাহাড়ী ঢলে প্রায় ৬৪৮ একর ফসলী জমির ফসল ক্ষতি হয়ে থাকে । পদুয়া ইউনিয়নে পাহাড়ী ঢলে প্রায় ৬৫০ একর ফসলী জমির ফসল ক্ষতি হয়ে থাকে । পুটি বিলা ইউনিয়নে পাহাড়ী ঢলে প্রায় ৬৪৫ একর জমির ফসল ক্ষতি হয়ে থাক । চুনতি ইউনিয়নে পাহাড়ী ঢলে প্রায় ৬৯০ একর জমির ফসল ক্ষতি হয়ে থাকে ও চরম্বা ইউনিয়নে পাহাড়ী ঢলে প্রায় ৬৪২ একর জমির ফসল পাহাড়ী ঢলে ক্ষতি হয়ে থাকে ।
মৎস্য সম্পদ	পাহাড়ী ঢল	লোহাগাড়া উপজেলায় প্রায় প্রতি বছর পাহাড়ী ঢল হয়ে থাকে । পাহাড়ী ঢল হলে মৎস্য সম্পদের ক্ষতি করে থাকে । পাহাড়ী ঢল হলে বড়হাতিয়া ইউনিয়নে ২৬৩০. টি পরিবারের ৬৯৭ জন মৎস্য জীবির মধ্যে প্রায় ৪৩০ জন মৎস্যজীবি বন্যায় ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে ।কলাউজান ইউনিয়নে ৪১২০ টি পরিবারের ১২০৯ জন মৎস্যজীবির মধ্যে প্রায় ৬৫৮. জন মৎস্যজীবি বন্যায় ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে । আমিরাবাদ ইউনিয়নে ৮৫৯৭ টি পরিবারের ১৫৪৮ জন মৎস্যজীবির মধ্যে প্রায় ৮৩২ জন মৎস্যজীবি বন্যায় ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে । আধুনগর ইউনিয়নে ৯৪৪৫ টি পরিবারের ১৮৬৬ জন মৎস্যজীবির মধ্যে প্রায় ৫৪৮ জন মৎস্যজীবি বন্যায় ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে । পদুয়া ইউনিয়নে ৩৯২১ টি পরিবারে ৯৮০ জন মৎস্যজীবির মধ্যে ৩৩২ জন মৎস্যজীবির

খাতসমূহ	আপদ	বর্ণনা
		বন্যায় ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে। বড়উঠান ইউনিয়নে ৬৯৩০ টি পরিবারের ১২৪৬ জন মৎস্যজীবির মধ্যে প্রায় ৯২০ জন মৎস্যজীবির পাহাড়ী ঢলে ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে। পুটি বিলা ইউনিয়নে ৫০৫৭টি পরিবারের ১৬৫০ জন মৎস্যজীবির মধ্যে প্রায় ৪৫৫ জন মৎস্যজীবি বন্যায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে। চুনতি ইউনিয়নে ৫৭৪০টি পরিবারের ৯৭৬ জন মৎস্যজীবির মধ্যে প্রায় ৪৩১ জন মৎস্যজীবি বন্যায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে। চরম্বা ইউনিয়নে ৪০৬০টি পরিবারের ৭৬০ জন মৎস্যজীবির মধ্যে প্রায় ৩২৮ জন মৎস্যজীবি বন্যায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে।
অবকাঠামো	পাহাড়ী ঢল	লোহাগাড়া উপজেলায় পাহাড় বিশিষ্ট উপজেলা না হলে কিছু কিছু ইউনিয়নে পাহাড় রয়েছে যা বর্ষা মৌসুমে পাহাড়ী ঢল হলে প্রায় ১৫৫০০টি পরিবার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পাহাড়ী ঢলে ক্ষতি গ্রস্থ হয়ে থাকে। অতিবৃষ্টির ফলে পাহাড় ধ্বসে গাছপালা, দোকান, হাটবাজার, শিক্ষা প্রতিষ্ঠান ও রাস্তাঘাটের ব্যাপক ক্ষতি করে থাকে।
কৃষি	কাল বৈশাখী ঝড়	লোহাগাড়া উপজেলায় প্রায় প্রতি বছরই কাল বৈশাখী ঝড়ে ব্যাপক ক্ষতি হয়ে থাকে। কাল বৈশাখী ঝড়ে চুনতি ইউনিয়নে প্রায় ১০০ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। লোহাগাড়া সদর ইউনিয়নে প্রায় ৯০ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। আমিরাবাদ ইউনিয়নে প্রায় ১২৫ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। বড়হাতিয়া ইউনিয়নে প্রায় ১২০ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। কলাউজান ইউনিয়নে প্রায় ১১০ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। চরম্বা ইউনিয়নে প্রায় ১০০ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। আধুনগর ইউনিয়নে প্রায় ১০৫ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। পদুয়া ইউনিয়নে প্রায় ৯৫ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে পারে। পুটিবিলা ইউনিয়নে প্রায় ১১০ একর জমির আমন, বোরো, আউষ ধান ও রবিশস্যসহ পেয়ারা, তরিতরকারী চাষের ব্যাপকভাবে ক্ষতি হতে। ফলে উক্ত ইউনিয়নগুলোর পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্থ হতে পারে।
